

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬৬

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩৪. বুযা'আহ নামক কৃপ প্রসঙ্গে

باب مَا جَاءَ فِي بِئْرِ بُضَاعَةً

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ، وَالْحَسَنُ بْنُ عَلِيّ، وَمُحَمَّدُ بْنُ سُلَيْمَانَ الْأَنْبَارِيُّ، قَالُوا حَدَّثَنَا أَبُو أُسَامَةَ، عَنِ الْوَلِيدِ بْنِ كَثِيرٍ، عَنْ مُحَمَّدِ بْنِ كَعْب، عَنْ عُبَيْدِ اللهِ بْنِ عَبْدِ اللهِ بْنِ رَافِعِ بْنِ خَدِيجٍ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، أَنَّهُ قِيلَ لِرَسُولِ اللهِ صلى الله عليه وسلم أَنتَوَضَّا أُ مِنْ بِئْرِ بُضَاعَةَ وَهِيَ بِئِرٌ يُطْرَحُ فِيهَا الْحِيَضُ وَلَحْمُ الْكِلَابِ وَالنَّتْنُ فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " الْمَاءُ طَهُورٌ لَا يُنَجِّسُهُ شَيْءٌ " .

_ صحيح

বাংলা

৬৬। আবৃ সাঈদ আল খুদরী (রাঃ) সূত্রে বর্ণিত। একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করা হলো, 'আমরা কি (মদীনার) 'বুযাআহ' নামক কূপের পানি দিয়ে অযু করতে পারি? কূপটির মধ্যে মেয়েলােকের হায়িযের নেকড়া, কুকুরের মাংস ও যাবতীয় দুর্গন্ধযুক্ত জিনিস নিক্ষেপ করা হত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ পানি পবিত্র, কোন কিছু একে অপবিত্র করতে পারে না।[1]

সহীহ।

English

Narrated AbuSa'id al-Khudri:

The people asked the Messenger of Allah (ﷺ): Can we perform ablution out of the well of Buda'ah, which is a well into which menstrual clothes, dead



dogs and stinking things were thrown? He replied: Water is pure and is not defiled by anything.

ফুটনোট

[1] তিরমিয়া (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পানিকে কোনো জিনিস অপবিত্র করতে পারে না, হাঃ ৬৬, ইমাম তিরমিয়া বলেন, এ হাদীসটি হাসান), নাসায়া (অধ্যায়ঃ পানি, অনুঃ বুদ'আহ কূপের বর্ণনা, হাঃ ৩২৫), আহমাদ (৩/১৫, ১৬, ৩১, ৮৬), দারাকুতনা (১/৩০-৩১) আবূ সাঈদ খুদরা সূত্রে। এর সানাদ সহীহ।

হাদীস থেকে শিক্ষাঃ

অপবিত্রতা পড়ার কারণে পানির কোনো একটি বৈশিষ্ট্য পরিবর্তন হয়ে গেলে তা পবিত্রতা থেকে বের হয়ে যায়। আলোচ্য হাদীসের 'উমুম (ব্যাপকতা) অন্য হাদীসাবলী দ্বারা খাস করা হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন